

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৮৭৭

কৈলাসহর, ২৩ নভেম্বর, ২০২২

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনা

চন্ডিপুর ব্লকে ৪৮৮ টি পরিবারকে মোরগ পালনে সহায়তা

চন্ডিপুর ব্লকে চলতি অর্থ বছরে মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় ৪৮৮ টি পরিবারকে মোরগ পালনে সহায়তা প্রদান করা হবে। ইতিমধ্যে ২০৯ টি পরিবারকে ১০টি করে মোরগের বাচ্চা দেওয়া হয়েছে। এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৭৯ হাজার ৭৪০ টাকা। এই যোজনায় ব্লকে ১৬২ টি পরিবারকে হাঁস পালনে সহায়তা দেওয়া হবে। ইতিমধ্যে ৭২ জন টি পরিবারকে ১০টি করে হাঁসের বাচ্চা দেওয়া হয়েছে। এতে ব্যয় হবে ৯৩ হাজার ৬০০ টাকা। সেই সঙ্গে উনকোটি জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিল থেকে ৫ টি পরিবারকে ৪টি করে ছাগল দেওয়া হয়েছে। ছাগল, ঔষধ, ঘর ইত্যাদি মিলিয়ে প্রতি সুবিধাভোগী পিছু ব্যয় হবে ২৫ হাজার টাকা। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের জেলার উপাধিকর্তা ডা. সমীরণ সিনহা এই সংবাদ জানান।
